তারিখ ... 13 APR 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

16

দৈনিক বাংলা

# ঢাকা মেডিক্যাল কলেজের সমস্যা নিরসনে পদক্ষেপ নেয়া হবেঃ এরশাদ

ছাত্র ইউনিয়ন ও 'সন্ধানী'র কর্মকর্তাদের নিয়ে গঠিত ঢাকা মেডিক্যাল কলেজের একদল শিক্ষার্থী বৃহস্পতিবার সকালে প্রেসিডেন্ট সচিবালয়ে প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদের সঙ্গে সাক্ষাৎ করেন। ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ অধ্যাপক কবিরউদ্দিন আহমদ ও সাবেক অধ্যক্ষ প্রফেসর ওয়ালিউল্লাহ এ সময় উপস্থিত ছিলেন।

সড়ক দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত চতুর্থ বর্ষের মেডিক্যাল ছাত্র বাপ্পির চিকিৎসার জন্যে প্রেসিডেন্ট যে অর্থ সাহায্য দিয়েছেন সেজন্যে ডিএমসির শিক্ষার্থীরা তাঁদের কৃতজ্ঞতা প্রকাশ করে প্রেসিডেন্টকে ধন্যবাদ জানান। চিকিৎসার পর বিদেশ থেকে

(শেষ পৃঃ ৮—এর কঃ দ্রঃ)

## ঢাকা মেডিক্যাল

প্রথম পৃঃ পর

ফিরে আসা বাপ্পিও এই সাক্ষাতের সময় উপস্থিত ছিলেন।

ইউনিয়নের কর্মকর্তারা শিক্ষার সুযোগ-সুবিধা ও বাসস্থানের অভাব এবং ছাত্রাবাস সমূহের অন্যান্য সমস্যা ও পরিবহণ সমস্যাসহ ঢাকা মেডিক্যাল কলেজের শিক্ষার্থীদের বিভিন্ন সমস্যা সম্পর্কে প্রেসিডেন্টকে অবহিত করেন।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, তিনি শিক্ষার্থীদের ব্যবহারের জন্যে একটি বাস দান করবেন। তিনি তাঁদের আশ্বাস দেন, ঢাকা মেডিক্যাল কলেজের সমস্যাবলী সমাধানের জন্যে পদক্ষেপ নেয়াহবে।

প্রেসিডেন্ট সন্ধানীর কর্মকর্তাদের সঙ্গেও তাঁদের বিভিন্ন কর্মসূচী নিয়ে আলোচনা করেন এবং তাঁদের সাহায্য সহযোগিতার আশ্বাস দেন।

সন্ধানীর কর্মকর্তারা এর আগে দেয়া পাঁচ লাখ টাকা অর্থ সাহায্য ও সংগঠনকে একটি ভ্রাম্যমান রক্ত পরিসঞ্চালন সার্ভিসের গাড়ি দান করার জন্যে প্রেসিডেন্টকে ধন্যবাদ জানান।খবরবাসস'র।